নেপালে এসএ গেমসে স্বর্ণপদক জয়ী ইতি খাতুনকে সংবর্ধনা

অতি সম্প্রতি নেপালে অনুষ্ঠিত এসএ গেমসে স্বর্ণপদকজয়ী ইতি খাতুনকে সংবর্ধনা দিয়েছে জেলা প্রশাসন।

সোমবার বিকেল সাড়ে চারটায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে এ সংবর্ধনা দেওয়া হয়।

সংবর্ধনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মো. নজরুল ইসলাম সরকার। প্রধান অতিথি ছিলেন সংবর্ধিত অতিথি ইতি খাতুন।

চুয়াডাঙ্গার মেয়ে ইতি খাতুন এসএ গেমসে আর্চারিতে স্বর্ণপদক জয়লাভ করেন। তিনি একক ও দলগতভাবে মোট তিনটি স্বর্ণপদক পান।

চুয়াডাঙ্গা শহরের বেলগাছি মুসলিম পাড়ায় ইতি খাতুন তার বাবা ও মায়ের সাথে রেলওয়ের জমিতে বসবাস করেন। তাদের নিজেদের কোনো জমি নেই। ইতি খাতুন চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বিদ্যালয়ের অস্টম শ্রেণির ছাত্রী।

সংবর্ধনা অনুষ্ঠানে ইতি খাতুন বক্তৃতা দিতে গিয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন। ইতি খাতুন জানান, দেশের মুখ উজ্জ্বল করার জন্য আমি আমার প্রচেস্টা অব্যাহত রেখেছি। আমি আমার খেলার মাধ্যমে বাংলাদেশের মুখ উজ্জ্বল করার চেস্টা করবো।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মো. নজরুল ইসলাম সরকার তার বক্তব্যে ইতি খাতুনের বসবাসের জন্য খাস জমি দেওয়ার ঘোষণা দেন।

জেলা প্রশাসন আয়োজিত সংবর্ধনা শেষে জেলা ক্রীড়া সংস্থা, মহিলা ক্রীড়া সংস্থাও ইতি খাতুনকে ক্রেস্ট ও ফুল দিয়ে সংবর্ধনা জানায়।

-চুয়াডাঙ্গা প্রতিনিধি